(১) আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের আওতায় বাংলাদেশের অভ্যন্তরে কোনো স্থাপনা বা অবকাঠামো নির্মাণ, সুধমকরণ, সম্প্রসারণ, আধুনিকায়ন বা বাংলাদেশের কোনো জনগোষ্ঠীর মধ্যে কোনো পণ্য সরবরাহ বা সেবা প্রদানের অভিপ্রায়ে উপর্যুক্ত কার্যাবলির সহযোগিতার লক্ষ্যে অনুদান বা ঋণ হিসেবে প্রদত্ত বৈদেশিক মুদ্রার বিনিময়ে প্রকল্প বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা বা ব্যক্তি কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত কোনো উৎপাদক বা সেবা প্রদানকারীর নিকট হইতে স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে কোনো পণ্য বা সেবা ক্রয় করা হইলে নিম্নবর্ণিত শর্তে উহা আইনের ধারা ৩ এর উপ-ধারা (২)(ক) এর অধীন রপ্তানিকৃত বলিয়া গণ্য হইবে, যথা:

(ক) বাংলাদেশ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত অনুদান বা ঋণ সংক্রান্ত বিষয়ে দাতা সংস্থার আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারক থাকিতে হইবে;

(খ) স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রে উক্ত চুক্তি বা সমঝোতা স্মারকের রেফারেন্স উল্লেখপূর্বক স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য বা সেবা ব্যবহারের বিষয়টি উল্লেখ করিতে হইবে; এবং

(গ) দরপত্রের মাধ্যমে নির্বাচিত পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা

স্মারকের সত্যায়িত কপি, দরপত্র বিজ্ঞপ্তি ও সরবরাহ আদেশ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয় আদেশের কপিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(২) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে আইনের ধারা ৩৫ অনুযায়ী দাখিলপত্র প্রদানের বাধ্যবাধকতা রহিয়াছে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাঁহার ক্ষেত্রে বিধি ২৯-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৩) যে নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে উপ-বিধি (২) এ বর্ণিত বাধ্যবাধকতা প্রযোজ্য নহে তিনি তৎকর্তৃক স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণের ক্ষেত্রে কর প্রত্যর্পণ গ্রহণ করিতে চাহিলে তাঁহার ক্ষেত্রে বিধি ৩০-এর সংশ্লিষ্ট বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এ বর্ণিত ক্ষেত্রে যথাক্রমে দাখিলপত্র ও আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট দরপত্রের অনুলিপি, দরপত্র গ্রহণের প্রমাণপত্র, কার্যসম্পাদনের নির্দেশনামা এবং বৈদেশিক মুদ্রায় মূল্য প্রাপ্তির প্রমাণপত্র সংযুক্ত করিতে হইবে।

ব্যাখ্যা।— এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে “স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র” বলিতে বাংলাদেশে প্রকাশিত জাতীয় দৈনিক পত্রিকা বা বাংলাদেশের বাহিরে প্রকাশিত আন্তর্জাতিকমানের পত্রিকায় আহ্বানকৃত দরপত্র বিজ্ঞপ্তি (Tender Notice) কে বুঝাইবে।”

**18.** Consequently, the goods supplied by the writ petitioner companies as sub-contractors cannot be assessed as "deemed export" under the rules concerned.

**19.** The companies legally responsible to execute the ventures are the aforementioned foreign companies being successful bidders entered into contracts with PGCB for design, manufacture and supply, installation, testing and commissioning etc of the projects. As the activities of the company had been done in exchange of foreign currency, consequently, its activities may be treated as "export/deemed export" if fulfills the pre-condition of being registered entities under the VAT Act in Bangladesh not the writ

petitioner companies as they are sub-contractors only. Subcontractors are not eligible to get drawbacks under rule 31A of the VAT Rules, 1991.

**20.** In addition, section 13(3) of the VAT Act, 1991 states that-

‘(৩) “মহাপরিচালক, তঞ্চ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর”, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, কোন রপ্তানিকারককে প্রকৃত রপ্তানির বিপরীতে চালানভিত্তিক বা, ক্ষেত্রমত, রপ্তানি পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক (input-output co-efficient) এর ভিত্তিতে নির্ধারিত সমহার (flat rate) এ রপ্তানিকৃত পণ্যে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত পরিমাণ উপ-ধারা (১) এ উল্লিখিত তঞ্চ ও করসমূহ প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পরিবেন।’

**21.** Thus it is clear that the concerned Department of NBR has power to conclude input-output co-efficient pursuant to and to grant drawback to the exporter on the duties and taxes paid on inputs used in the manufacturing of exported/deemed exported goods on that basis. For this reason, the impugned orders issued by the writ respondent no. 5 regretting to approve input-output coefficient prior to granting drawback is lawful.

**22.** Another writ respondent, National Board of Revenue, has statutory power conferred under section 219B of the Customs Act, 1969 read with section 72 of the VAT Act, 1991 to issue Rules, orders and notices, explanations or circulars in any matter for the purpose of implementation/execution of the Act provided that those are not inconsistent with the provisions of the Act or the Rules so framed thereunder. At the same time, Rule 38 of the VAT Rules, 1991 has also provided power to the Board, the Commissioners or the Director Generals to issue explanations, orders clarify the disputes emended therefrom.

**23.** Section 219B of the Customs Act, 1969 is as follows-

"Power to issue Orders, Notices, Explanations or Circulars

219B. The Board or, as the case may be, the Commissioner of Customs (Bond), or Commissioner of Customs (Valuation and internal audit), or any other Commissioner of Customs or any Director General may issue orders, notices, explanations or circulars within their respective jurisdiction not inconsistent with the provisions of this Act and the rules made thereunder."

**24.** Section 72 of VAT Act, 1991 is as follows-

“বিধি প্রণয়নের ক্ষমতা

৭২। (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড , সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা , বিধি প্রণয়ন [এবং প্রণীত বিধির ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English text) প্রকাশ] করিতে পারিবে [ :

তবে শর্ত থাকে যে , বাংলা পাঠ ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।]

(২) বিশেষ করিয়া , এবং উপরি - উক্ত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ণ না করিয়া , অনুরূপ বিধিতে নিম্নবর্ণিত সকল অথবা যে কোন বিষয়ে বিধান করা যাইবে, যথা: -

(ক) মূল্য সংযোজন কর বা , ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক নিরূপণ , ধার্যকরণ ও আদায়করণ এবং উক্তরূপ ধার্যের জন্য মূল্য নির্ধারণ , মূল্য ঘোষণা ও ঘোষিত মূল্য যাচাই বাছাইকরণ প্রক্রিয়া উপকরণ কর রেয়াত গ্রহণ এবং এই আইনের অধীন দায়িত্বসমূহ পালনকারী কর্তৃপক্ষসমূহ নির্ধারণ;

(খ) মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য উহার উত্পাদন বা প্রস্তুতকরণের স্থান বা ব্যবসায় স্থল হইতে অপসারণ ও পরিবহন;

(গ) এই আইনের অধীন কোন বিধির প্রয়োগের তদারকীর জন্য সরকারী কর্মকর্তা নিয়োগ;

(ঘ) করযোগ্য পণ্য , অব্যাহতিপ্রাপ্ত পণ্য এবং উক্তরূপ পণ্যসমূহ প্রস্তুতকরণ বা উত্পাদনে বা সরবরাহে ব্যবহৃত উপকরণসমূহ পণ্য প্রস্তুতকরণ বা উত্পাদনের স্থানে বা ব্যবসায় স্থলে পৃথক পৃথকভাবে রক্ষণ;

(ঙ) করযোগ্য পণ্য সরবরাহ বা সেবা প্রদানে নিয়োজিত কোন ব্যক্তি কর্তৃক এই আইনের অধীন প্রয়োজনীয় তথ্য সরবরাহ;

(চ) করযোগ্য পণ্য কেবল নির্ধারিত মোড়ক , থলিয়া বা কোষে সরবরাহকরণ এবং যে মোড়ক , থলিয়া বা কোষে উহা সরবরাহ করা হয় তাহাতে উহার খুচরা মূল্য মুদ্রণ, উতকীর্ণকরণ বা বুনন বাধ্যতামূলককরণ;

- (ছ) যে কোন পণ্য সম্পর্কে এই আইন বা কোন বিধি লঙ্ঘন করা হয় তাহার বাজেয়াপ্তকরণ;
- (জ) প্রস্তুতকৃত বা উতপাদিত বা আমদানীকৃত ,  
ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের ]  
নমুনা সংগ্রহ ও উহার পরীক্ষা এবং করযোগ্য পণ্য  
পরিবহনকারী যানবাহন পরিদর্শন, তল্লাশী ও আটক;
- (ঝ) পণ্য বা সেবা রপ্তানি এবং রপ্তানি সংক্রান্ত  
রেয়াত ও প্রত্যর্পণ পদ্ধতি;
- (ঞ) এই ধারার অধীন প্রণীত কোন বিধি হইতে  
উদ্ধৃত কোন বিষয় সম্পর্কে লিখিত নির্দেশ প্রদানের  
জন্য কমিশনার, মূল্য সংযোজন করকে ক্ষমতা প্রদান;
- (ট) ধারা ৭১কক এর বিধান অনুযায়ী পুরস্কার প্রদানা
- (ড) এই ধারার অধীন প্রণীত বিধিতে বোর্ড এইরূপ  
বিধান করিতে পারিবে যে কোন বিধি লঙ্ঘনকারী  
ব্যক্তি, এই আইনের অধীনে তাহার বিরুদ্ধে অন্য যে  
কোন ব্যবস্থা গ্রহণের বিধান ক্ষুণ্ণ না  
করিয়া, সংশ্লিষ্ট পণ্য সরবরাহ বা সেবা প্রদানের  
উপর প্রদেয় মূল্য সংযোজন কর বা , ক্ষেত্রমত,  
মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্কের অনূর্ধ্ব  
দেড়গুণ পরিমাণ অর্ধদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং  
উক্ত লঙ্ঘন যে পণ্য বা সেবা সম্পর্কিত হয় উহা  
সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।”

## 25. Rule 38 of VAT Rules, 1991 is as follows-

“৩৮. আদেশ বা বিজ্ঞপ্তি বা ব্যাখ্যা বা পরিপত্র জারির  
ক্ষমতা।— এই বিধিমালা হইতে উদ্ধৃত যেকোনো বিষয়ে  
বোর্ড বা কমিশনার বা পরিদপ্তরের মহাপরিচালক সমস্ত সময়  
স্ব স্ব এখতিয়ারভুক্ত বিষয় সম্পর্কে আদেশ বা বিজ্ঞপ্তি বা  
ব্যাখ্যা বা পরিপত্র জারি করিতে পারিবেন।”

**26.** Moreover, the Constitution of the Article 65(1) of People's Republic of Bangladesh provides that nothing shall prevent the Parliament from delegating its power to make orders, rules or other enactments having legislative effect. In addition, it is the established principle of law that the Legislature is not always required to legislate in its entirety to carry out all its work. Some of its functions is left out to be performed fully by persons technically conversant with the levy and realization thereof, or else the legislative scheme as to levy and realization may be frustrated. As such, we opine that High Court Division committed serious illegality in making the Rules Nisi absolute.

**27.** It is true that the writ petitioners submitted monthly return in statutory form "Mushak-19" stating its activities thereon. However, its monthly returns were duly accepted on being satisfied by the authority since no objection as to taking rebate by the writ petitioners was raised. But fact remains that section 26Ka(6) of the VAT Act, 1991 has put no bar on re-investigation or re-audit of the activities of any tax payer on reasonable ground even though it has been audited or investigated earlier. The relevant section states as follows-

“(৬) পুনঃ নিরীক্ষা ও পুনঃ অনুসন্ধান করিবার যুক্তিসূক্ত কারণ থাকিলে কোন ব্যক্তির কোন কর মেয়াদ সংশ্লিষ্ট কার্যক্রম নিরীক্ষিত বা অনুসন্ধানকৃত হওয়া সত্ত্বেও, উক্ত করদাতার অন্য কোন কর মেয়াদ সংশ্লিষ্ট কার্যক্রম পুনঃনিরীক্ষা এবং পুনঃ অনুসন্ধান করার ক্ষেত্রে কোন বাধা থাকিবে না।”

**28.** Hence, the writ petitioners cannot be absolved from any subsequent demand on the plea that the returns were submitted and those had been accepted without any instant objection whatsoever. In that view of the matter, the impugned Nathi dated 29.11.2018 issued by the writ respondent No. 4 providing explanation of Rule 31Ka of the VAT Rules, 1991 and thereby subsequent refusal to allow input-output co-efficient in favour of the writ petitioners as well as demand of VAT under section 55(1) of the Act of 1991 cannot be mandated as unlawful.

**29.** The aforementioned section 13 is as follows-

রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত কর প্রত্যর্পণ

১৩ (১) Customs Act, 1969 (IV of 1969) এর Chapter VI এর বিধানাবলীতে যাচা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীনে যে কোন ব্যক্তি তৎকর্তৃক রপ্তানিকৃত পণ্য প্রস্তুতে বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায়

বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লেখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর, সম্পূরক শুদ্ধ, আমদানি শুদ্ধ, আবগারী শুদ্ধ ও অন্যান্য সকল প্রকার শুদ্ধ ও কর (আগাম প্রদত্ত আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুদ্ধ ব্যতীত) প্রত্যর্পণ হিসাবে পাওয়ার অধিকারী হইবেন :

তবে শর্ত থাকে যে, কোন রপ্তানিকৃত বা রপ্তানীকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবা রপ্তানির তারিখের এবং যেক্ষেত্রে নিশ্চিত ও অপরিবর্তনীয় রপ্তানি ঋণপত্রের অথবা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের শর্তমোতাবেক আংশিক জাহাজীকরণের (Partial Shipment) ভিত্তিতে পণ্য রপ্তানি করা হয় সেক্ষেত্রে সর্বশেষ রপ্তানির তারিখের ছয় মাসের মধ্যে প্রত্যর্পণ (Drawback) দাবী করা না হইলে, এই ধারার অধীন প্রত্যর্পণ (Drawback) প্রদেয় হইবে না।

ব্যাখ্যা- এই উপ-ধারায়, “রপ্তানির তারিখ” বলিতে যে তারিখে রপ্তানিকৃত পণ্য বা সেবার মালিক Customs Act এর section ১৩১ এর বিধান অনুযায়ী উক্ত পণ্য বা সেবা রপ্তানির বিল অব এক্সপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হস্তান্তর করেন সেই তারিখ বুঝাইবে।

(১ক) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রপ্তানিকৃত পণ্য প্রস্তুত বা উৎপাদনে বা রপ্তানিকৃত সেবায় বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবায় ব্যবহৃত কোন নির্দিষ্ট উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য শুদ্ধ বা কর প্রত্যর্পণের হার নির্ধারণ করিতে পারিবে।

(২) কোন রপ্তানিকারক তৎকর্তৃক বাংলাদেশে সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদন করের বিপরীতে তৎকর্তৃক রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্য বা সেবায় বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লেখিত খাদ্য বা অন্য কোন সামগ্রীতে ব্যবহৃত উপকরণের উপর উপ-ধারা (১) মোতাবেক প্রত্যর্পণযোগ্য যাবতীয় কর ও শুদ্ধ সমন্বয় করিতে পারিবেন।

... ..

(৪) বোর্ড, সরকারী গেজেটে জারীকৃত আদেশ দ্বারা, আদেশে উল্লিখিত শর্ত সাপেক্ষে কোন আন্তর্জাতিক চুক্তি বাস্তবায়নের জন্য স্থানীয়ভাবে উৎপাদিত কোন পণ্য বা সেবার উপর কোন ব্যক্তি বা সংস্থা কর্তৃক পরিশোধিত মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ প্রত্যর্পণের নির্দেশ প্রদান করিতে পারিবে।

**30.** Conversely, as no such right was vested upon the respondent company in the present case, it was in no way entitled for drawbacks/tax rebates as promised in the parent law. Therefore, any plea of against retrospection is not sustainable in the eye of law. Misinterpretation of the laws at their sweet will cannot be a ground for statutory relieves and if any such drawbacks was paid that must be refunded.

**31.** Here in the present case, the correlated enactment with reference to "drawback" of VAT of the parent law i.e. VAT Act, 1991 is section 13 and rule 31A is the delegated legislation thereof, which is practically consistent with the parent Act. The impugned explanation is another type of subordinate legislation irrespective of its status in the eye of law. At the same time the Office Order, dated 04.08.2013 i.e. Annexure-E(4) of the

writ petition is too another subordinate legislation as per Rule 38 of VAT Rules, 1991.

**32.** For better understanding let's study the impugn explanation and Annexure-E(4) of the writ petition vis-À-vis-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা  
মুসক আইন ও বিধি শাখা

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.২০.০০১.১৬/৩৭৩ তারিখঃ  
১৫ অগ্রহায়ন, ১৪২৫ বঙ্গাব্দ

২৯ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ ৩১ক এ  
উল্লেখিত স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক  
মুদ্রায় পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিষয়ে স্পষ্টীকরণ ও  
দিকনির্দেশনা।

সূত্রঃ কাস্টমস, এক্সসাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর  
পত্র নং ৪র্থ /এ(১২)২১/মুসক-উৎপাদন/রপ্তানী/সংদঃ/২০১৮/  
৪৭১৩, তারিখঃ০৪ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩১ক এ  
উল্লেখিত স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বৈদেশিক

মুদ্রায় পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে “রপ্তানি” এবং “রপ্তানিকৃত বলিয়া গণ্য” এ দুটো সংজ্ঞার পরিধি নিয়ে মাঠ পর্যায়ের জটিলতা পরিলক্ষিত হচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়েছে।

০৩। এ সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনাতে দেখা যায়, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩১ক এর মাধ্যমে মূলত বাংলাদেশে নিবন্ধিত কোন উৎপাদক বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রার বিনিময়ে কোন উন্নয়ন সহযোগী, বিদেশী রাষ্ট্র বা সংস্থার সাথে সরকারের সম্পাদিত আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের আওতায় ঋণ, অনুদান বা অন্যকোন চুক্তির অধীন কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের বিপরীতে দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে আন্তর্জাতিক বা বিদেশি প্রতিষ্ঠানের তুলনায় প্রতিযোগিতায় সক্ষমতা (Competitive Edge প্রদান) সৃষ্টি করা হয়েছে। অর্থাৎ, এ বিধির মাধ্যমে দেশীয় নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহ যাতে করে বিদেশী প্রতিষ্ঠানসমূহের তুলনায় দরপত্রে অংশগ্রহণের ক্ষেত্রে পিছিয়ে না পড়ে এবং ঋণ বা অনুদান চুক্তির আওতায় প্রাপ্ত বৈদেশিক মুদ্রা যেন বিদেশি প্রতিষ্ঠানের মাধ্যমে পুনরায় দেশের বাহিরে চলে না যায় সে বিষয়টি বিবেচনায় রেখে মূলত দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত কার্যক্রমকে রপ্তানিকৃত বলিয়া গণ্য করার বিধান রেখে তত্ত্ব কর প্রণোদনা প্রদান করা হয়েছে। তবে এক্ষেত্রে এ কার্যক্রম “রপ্তানিকৃত বলিয়া গণ্য” বিবেচিত হতে হলে দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি দরপত্র অংশগ্রহণের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্তির বাধ্যবাধকতা রয়েছে।

০৪। বৈদেশিক ঋণ বা অনুদান চুক্তির আওতায় কোন প্রকল্প/ কার্য/সেবা সম্পাদনের লক্ষ্যে আহবানকৃত স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের আওতায় কিংবা বৈদেশিক মুদ্রার বিনিময়ে আন্তর্জাতিক দরপত্রের আওতায় বাংলাদেশের অভ্যন্তরে কোন পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে কেবলমাত্র প্রাথমিকভাবে মনোনীত /কার্যাদেশ প্রাপ্ত দেশীয় নিবন্ধিত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে বিধি ৩১ক এ বর্ণিত আনুষ্ঠানিকতা পরিপালন সাপেক্ষে পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে “রপ্তানিকৃত বলিয়া গণ্য” হওয়ার সুবিধা প্রাপ্য হবে। উক্ত প্রাথমিকভাবে মনোনীত / কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান /কন্ট্রোল কর্তৃক পরবর্তীতে পত্রিকায় দরপত্র আহবানের মাধ্যমে অন্যকোন প্রতিষ্ঠানকে প্রকল্প সম্পাদনের লক্ষ্যে পণ্য/সেবা/কার্য সম্পাদনের সাব-কন্ট্রোল/কার্যাদেশ প্রদান করা হলে উক্ত সাব-কন্ট্রোলকে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মূল কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান/কন্ট্রোলকে একই প্রকল্প সম্পাদনের লক্ষ্যে পণ্য বা সেবা সরবরাহ করা হলে তা বিধি ৩১ক এর আওতায় “রপ্তানিকৃত বলিয়া গণ্য” হওয়ার কোন আইনগত সুযোগ নেই। এটি বিধিতে যেমন স্পষ্ট করা হয়েছে তেমনি অনুচ্ছেদ-০৩ এ উল্লেখিত কারণে তা আলোচ্য বিধি প্রণয়নের মূল চেতনা এর পরিপন্থী। কেননা, এক্ষেত্রে একটি ঋণ বা অনুদান চুক্তির আওতায় একটি নির্দিষ্ট প্রকল্প সম্পাদনে বাংলাদেশ সরকার একবারই বৈদেশিক মুদ্রা প্রাপ্ত হয় এবং সে কারণে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক

প্রাথমিকভাবে আহ্বানকৃত আন্তর্জাতিক দরপত্রের আওতায় কার্যাদেশ প্রাপ্ত মূল দেশীয় নিবন্ধিত প্রতিষ্ঠানকে রপ্তানি সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে আহ্বানকৃত আন্তর্জাতিক দরপত্রের আওতায় কার্যাদেশ প্রাপ্ত মূল দেশীয় নিবন্ধিত প্রতিষ্ঠানকে রপ্তানি সুবিধা প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত মূল কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক যদি একই প্রকল্পে পণ্য / সেবা সরবরাহের লক্ষ্যে পুনরায় পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করে কোন দ্বিতীয় পক্ষকে সাব-কন্ট্রাক্টর নিয়োগ করা হয় অথবা পণ্য / সেবা সরবরাহের কার্যাদেশ প্রদান করা হয় সেক্ষেত্রে যেহেতু নতুন করে বাংলাদেশ সরকার কোন বৈদেশিক মুদ্রা প্রাপ্ত হয় না, সেহেতু পণ্য / সেবা সরবরাহ দ্বিতীয়বার “রপ্তানিকৃত বলিয়া পণ্য” হওয়ার কোন আইনগত সুযোগ নেই। প্রকল্প সম্পাদনের জন্য যে স্বত্তার সাথে প্রাথমিক চুক্তি সম্পাদিত হয় শুধুমাত্র ঐ স্বত্তার জন্য পণ্য বা সেবার সরবরাহ বা কার্যসম্পাদন রপ্তানি বলে গণ্য। অন্যকোন সরবরাহকারী এক্ষেত্রে বিবেচনার সুযোগ নেই। কারণ এক্ষেত্রে প্রকল্প/চুক্তি সম্পাদনে মূল কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানের কার্যক্রম “রপ্তানিকৃত বলিয়া পণ্য” হওয়ায় সরবরাহ চেইনে পরিশোধিত পূর্ববর্তী চুক্তি-কর প্রত্যর্পণ প্রদান করার বিধান করা হয়েছে। তাই, প্রকল্প সম্পাদনে, প্রাথমিকভাবে চুক্তিবদ্ধ স্বত্তা “রপ্তানিকৃত বলিয়া পণ্য” কার্যক্রম করে বিধায় এ সুবিধা প্রাপ্ত হবে, অন্যকেউ নয়।

০৫। এছাড়া, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা ৩ এর দফা (ঘ) অনুযায়ী কোন উন্নয়ন সহযোগী, বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত সরকারের সম্পাদিত কোন ঋণ, অনুদান বা অন্য কোন চুক্তির অধীন কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুল, ২০০৮ এর বিধান পরিপালন বাধ্যতামূলক। অর্থাৎ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩১ক এর আওতায় পণ্য বা সেবা সরবরাহ কার্যক্রম “রপ্তানিকৃত বলিয়া পণ্য” হতে হলে যে কোন স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্র কার্যক্রম পাবলিক প্রকিউরমেন্ট রুল, ২০০৮ এর বিধান মোতাবেক সংঘটিত হওয়ার আইনি বাধ্যবাধকতা রয়েছে। কোন সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট রুল, ২০০৮ অনুসরণপূর্বক দরপত্র কার্যক্রম সম্পন্ন না করলে সেক্ষেত্রে বিধি ৩১ক এ উল্লিখিত রপ্তানি সংশ্লিষ্ট সুবিধাদি প্রযোজ্য হবে না।

০৬। সম্প্রতি কিছু কিছু প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩১ক এর অপব্যবহার করে রাজস্ব ফাঁকি দিচ্ছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ডের গোচরীভূত হয়েছে। তাই এ জাতীয় প্রতিষ্ঠানের কার্যক্রম নিবিড় মনিটরিং করে প্রয়োজনে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের মাধ্যমে আইনানুগ রাজস্ব আদায় করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বর্ণিতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক যথাযথ আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষর

(মোঃ তারেক হাসান

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)“

“ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা

নথি নং ৫(৯)স্বকঃরেণ্ডানী ও বড/২০০৭/৩৪২

তারিখ: ০৪/০৮/২০১৩ ইং

অফিস আদেশ

বিষয়: বৈদেশিক ঋণপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে দেশের অভ্যন্তরে সরবরাহকে রপ্তানি গণনা করণ প্রসঙ্গে।

অনেক ক্ষেত্রে দেখা যায়, দেশের সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের আন্তর্জাতিক দরপত্রের বিপরীতে বিদেশী কোন প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্ত হয় এবং উক্ত কার্যাদেশের অধীন সরবরাহতব্য পণ্য সংগ্রহের লক্ষ্যে চুক্তিবদ্ধ বিদেশী প্রতিষ্ঠান বৈদেশিক ঋণপত্র এবং বৈদেশিক মুদ্রার বিনিময়ে দেশের অভ্যন্তরে পণ্য সরবরাহের জন্য বাংলাদেশের কোন শিল্প কারখানার সাথে চুক্তিবদ্ধ হয়ে থাকে। আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে কার্যাদেশ প্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যতীত তৃতীয় কোন দেশ হতে ঋণপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহ করে বাংলাদেশে পণ্য সরবরাহ করতে পারে। তবে সেক্ষেত্রে বাংলাদেশে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে। এ সকল বিবেচনায় কার্যাদেশ প্রাপ্ত বিদেশী প্রতিষ্ঠান বাংলাদেশী উৎপাদক প্রতিষ্ঠানকে ঋণপত্র দিয়ে বৈদেশিক মুদ্রায় পণ্য সংগ্রহকরন পূর্বক বাংলাদেশে সরবরাহ করলে তা রপ্তানি হিসাবে গণ্য করা যৌক্তিক। এ ধরনের Transaction এর ক্ষেত্রে বৈদেশিক ঋণপত্র এবং বৈদেশিক মুদ্রা যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে প্রত্যাবসিত হচ্ছে। এ জাতীয় পণ্য সরবরাহকে রপ্তানি হিসেবে গণ্য করা হলে একদিকে বৈদেশিক মুদ্রা অর্জন, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও অন্যদিকে দেশীয় শিল্প প্রতিষ্ঠানের উৎপাদিত মান সম্পন্ন পণ্য সামগ্রীকে স্বীকৃতি প্রদান করার সুযোগ সৃষ্টি হবে। ২০১৩ - ২০১৪ অর্থ বছরের বাজেটে অর্থ আইন, ২০১৩ এর মাধ্যমে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২(শ) - এ বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে সরবরাহকৃত পণ্য বা সেবাও রপ্তানীকৃত বলে গণ্য হবে মর্মে নতুন বিধান সংযোজিত হয়েছে। বড সুবিধাভোগী কোন প্রতিষ্ঠান একই কার্যক্রম পরিচালনা করলে উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য বিধান/নীতিমালা সুস্পষ্ট হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, The Customs Act, 1969 এর section 219B, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ২(শ) - এবং বন্ডেড গুয়ারহাউস বিধিমালা, ২০০৮ এর বিধি ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিম্নরূপ আদেশ জারী করা হলো, যথাঃ

সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান কর্তৃক আহবানকৃত আন্তর্জাতিক দরপত্রের অধীনে বৈদেশিক ঋণপত্রের বিপরীতে শতভাগ রপ্তানীমুখ বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক বৈদেশিক মুদ্রায় দেশের অভ্যন্তরে পণ্য সরবরাহকে রপ্তানী বলে গণ্য করা হবে।

২। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষর অস্পষ্ট

দ্বিতীয় সচিব (স্বকঃরেণ্ডানী ও বড)“

**33.** The respondent and the High Court Division greatly relied upon the aforesaid Annexure-E(4). Therefore the same must not be directly or indirectly in conflict with the provisions of the enabling law. On perusal of the concerned parent act, rules and the aforementioned delegated legislations our considered view is that the Annexure-E(4) is inconsistent with provisions spelled out in the parent Act and Rules. In augmentation of breath, the impugned explanation is the accurate and faithful expression of what enacted in the parent Act and Rules. In addition, it is a revenue generating issue of the State. Public at large and higher State interest in no way be overpowered on the authority of some misleading subordinate legislation and procedural glitches. If these are the situations, as the highest court of the land, we opine that the Appellate Division should invoke its mandate under article 104 of the Constitution of Bangladesh for doing complete justice for the nation itself. In the case of A.F.M. Naziruddin vs. Mrs. Hameeda Banu reported in 1992 12 BLD (AD) 261 Appellate Division observed that-

"Considering the vagaries of legal proceedings and the technicalities involved in adjudication, Art 104 of the Constitution has invested, as a measure of abundant caution, the last Court of the country with wide power, so it may forestall a failure of justice and do complete justice in an appropriate case. It is an extraordinary procedure for doing justice for completion of or putting an end to a cause or matter pending before this Court."

**34.** Accordingly, we find merit in the submissions of the learned Additional Attorney General appearing on behalf of the petitioners and the submissions of the Counsel of the respondents exposed having less than merit worthy.

**35.** However, this Division is not inclined to grant leave which will prolong the disposal of the matter. In that view of the matter, we are inclined to pass the appropriate order.

**36.** The reason elaborated above, we find that the impugned judgment and order of the High Court Division do call for interference.

In the result, both the Civil Petitions for Leave Appeal are disposed of. The impugned judgment and order of the High Court Division is set aside without any order as to cost.

© Manupatra Information Solutions Pvt. Ltd.